



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২০/২২

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক ৩ বছর পর মামলার ভিকটিম উদ্ধার প্রসঙ্গে।

এন্টি টেররিজম ইউনিট এর একটি আভিযানিক দল গোপন তথ্যের ভিত্তিতে বিগত ২৫/০৬/২০১৯ খ্রি. বেলা অনুমান ১২.৫০ ঘটিকার সময় ময়মনসিংহ নটরডেম কলেজের দ্বাদশ শ্রেণীর নিখোঁজ হওয়া শিক্ষার্থী মোঃ শাফায়ত আল হোসাইন (২২) পিতা- মোঃ আফজাল হোসেন, গ্রাম- ধলা, থানা- ত্রিশাল, জেলা- ময়মনসিংহ'কে গত ০৩/১০/২০২২ তারিখ রাত ২০.৩০ ঘটিকার সময় ময়মনসিংহ কোতয়ালী থানাধীন আরকে মিশন রোডের একটি বাসা হতে উদ্ধার করে।

তাকে জিজ্ঞাসাবাদে জানা যায়, ২০১৮ সালে সে ময়মনসিংহ নটরডেম কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি হয়। একাদশ শ্রেণীতে পড়ার সময় সে প্রোগ্রামিং এ কাজ করতে গিয়ে প্রতিদিন ১৬ থেকে ১৮ ঘন্টা ব্যয় করত। এজন্য তার এইচএসসি মূল পরীক্ষায় গ্যাপ তৈরি হয়। সে লেখাপড়ায় তার বন্ধুদের কাছ থেকে অনেকটা পিছিয়ে পড়ে। এক পর্যায়ে সে লেখাপড়া সংক্রান্ত মানসিক চাপে পড়ে। একাদশ শ্রেণীর ফাইনাল পরীক্ষায় তার আশানুরূপ ফল না হওয়ায় এ বিষয়ে তার বাবার সাথে তার মনোমালিন্যও হয়। একপর্যায়ে সে বাড়ি থেকে বের হয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয় এবং নিজেই ৩ বছরের অধিক সময় ধরে আত্মগোপনে থেকে দেশের বিভিন্ন স্থানে ঘোরাঘুরি করে সর্বশেষ চট্টগ্রামে গিয়ে বিভিন্ন কম্পিউটার এর দোকানে কাজ করতে থাকে।

এটিইউ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায় তার অবস্থান সনাক্ত করে ও তাকে তার নিকট আত্মীয়-স্বজন এবং বন্ধুর সহযোগিতায় বাড়ী ফেরার জন্য আহ্বান করে। একপর্যায়ে সে বাড়ী ফেরার জন্য রাজি হয় এবং ০৩ অক্টোবর তাকে বাড়ী ফেরৎ আনতে সক্ষম হয়।

ইতোপূর্বে তার পিতা বাদী হয়ে তার ছেলে নিখোঁজ হয়েছে মর্মে কোতয়ালী মডেল থানায় একটি সাধারণ ডায়েরী করেন যার জিডি নং- ১৮৩৯, তারিখ-২৫/০৬/২০১৯খ্রি.। ঘটনাটি মিডিয়ায় সে সময় প্রকাশিত হলে বাদীকে দেশের বিভিন্ন স্থান হতে ছেলেকে উদ্ধারে সহায়তার জন্য মুক্তিপণ দাবী করে। তার প্রেক্ষিতে ভিকটিম শাফায়ত আল হোসাইন (১৯) এর পিতা মোঃ আফজাল হোসেন ছেলে অপহৃত হয়েছে ভেবে ময়মনসিংহ কোতয়ালী থানায় একটি অপহরণ মামলা রুজু করেন। যার মামলা নং-১৩, তারিখ- ২৫/৬/২০১৯ খ্রিঃ, ধারা-৩৬৪ দগবি। পরবর্তীতে দীর্ঘদিন মামলাটির কোন কুলকিনারা না হওয়ায়, বাদীর আবেদনের প্রেক্ষিতে মামলাটি তদন্তের জন্য এন্টি টেররিজম ইউনিটকে হস্তান্তর করা হয়। বর্তমানে মামলাটি এন্টি টেররিজম ইউনিট কর্তৃক তদন্তাধীন আছে।

উদ্ধারকৃত ভিকটিম মোঃ শাফায়ত আল হোসাইন সাক্ষাৎকার গ্রহণ শেষে বিজ্ঞ আদালতে প্রেরণের মাধ্যমে আইনী ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

০৪/১০/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd